কুয়াকাটা ভ্রমণ শেষে ফেরার পথে সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের ২ যুবক নিহত

কুয়াকাটা সমুদ্র সৈকত ভ্রমণ শেষে ফেরার পথে মেহেরপুরের ২যুবক সড়ক দুর্ঘটনায় মারা গেছেন। নিহতরা হলেন- সদর উপজেলার বাড়িবাকা গ্রামের আসিফ ও শহরের গোরস্থান পাড়ার টিটু।

শুক্রবার ভোরে মাদারিপুরের একটি স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত আসিফ মেহেরপুর হোটেল বাজারের নবিছদ্দিন ওরফে ফকিরের মুদি দোকানের কর্মচারী ও বাড়িবাকা গ্রামের নিজাম উদ্দিনের ছোট ছেলে এবং টিটু গোরস্থান পাড়া জামে মসজিদের ইমাম ছিলেন।

জানা গেছে, ঈদের পরদিন আসিফ, টিটুসহ ৮ বন্ধু মিলে ৪টি মোটরসাইকেল যোগে পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্র সৈকত ভ্রমণে যায়। সেখান থেকে আজ শুক্রবার ভোরে ফেরার পথে মাদারিপুর জেলার একটি স্থানে সড়ক দুর্ঘটনা ঘটে । এতে ঘটনাস্থলেই আসিফের মৃত্যু হয়। আহত অবস্থায় উদ্ধার করে টিটুকে ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

ঝিনাইদহে ট্রাক চাপায় কলেজ শিক্ষক নিহত

ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের মাধবপুর নামক স্থানে ট্রাক চাপায় মহিদুল ইসলাম (৫০) নামের এক কলেজ শিক্ষক নিহত হয়েছে। বুধবার দুপুরে গান্না-বাজার গোপালপুর সড়কের মাধবপুর পশু হাটের পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত মহিদুল ইসলাম গান্না আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজের সমাজ কল্যাণ বিভাগের শিক্ষক। তার বাড়ী

পার্শবর্তী কোটচাঁদপুর উপজেলার জালালপুর গ্রামে।
গান্না বাজারের ব্যবসায়ী সোলাইমান হোসেন জানান, দুপুরে কলেজ থেকে মোটর সাইকেল যোগে মহিদুল ইসলাম বাড়ী ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, লাশের ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানোর প্রস্তুতি চলছে। এ ঘটনায় ট্রাকটি আটক করা হলেও চালক পলাতক রয়েছে।

ঝিনাইদহে বাস চাপায় পিষ্ট হয়ে ১জন নিহত, আহত ৪

ঝিনাইদহে সদর উপজেলায় বাস চাপায় পিষ্ট হয়ে ১জন নিহত হয়েছে। এ সময় আহত হয় আরও ৪জন।

দুর্ঘটনায় নিহত তারেক হোসেন (৪৪) ঝিনাইদহ সদর উপজেলার বুড়াই গ্রামের জহর আলীর ছেলে। প্রাথমিক ভাবে আহত ৪জনের নাম পরিচয় জানা যায়নি। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে বিভিন্ন হাসপাতালে ভর্তি করে।

ডাকবাংলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মো. বিল্লাল হোসেন জানান, শুক্রবার বিকালে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী পূর্বাশার পরিবহনের একটি বাস ঘটনাস্থলে পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারিয়ে তারিক হোসেনকে চাঁপা দেয়। এতে ঘটনাস্থলেই তিনি মারা যান। বাসটি আটক করলেও চালক ও হেলপার পালিয়ে গেছে বলে তিনি জানান।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় পাখি ভ্যান চালক নিহত

মেহেরপুর কাথুলী সড়কের পেট্রোল পাম্প সংলগ্ন এলকায় ট্রাকের ধাক্কায় তাহাজ উদ্দীন (৪৫) নামেক এক পাখি ভ্যান চালক নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার পৌনে ১২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত তাহাজ উদ্দীনের বাড়ি মেহেরপুর পৌর এলাকার শেখ পাড়ার শুকুর উদ্দীনের শেখের ছেলে।

স্থানীয়রা জানান, শ্যালো ইঞ্জিন চালিত একটি পাখি ভ্যান নিয়ে গলি সড়ক থেকে মেহেরপুর কাথুলী সড়কে উঠছিল। এসময় কাথুলী দিক থেকে বড়বাজার দিকে অভিমুখে ট্রাক যাচ্ছিল। এসময় ট্রাকের ধাক্কায় পাখি ভ্যান চালক তাহাজ উদ্দীন সড়কে লুটিয়ে পড়ে এবং ঘটনাস্থলেই মারা যায়।খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। এবং ট্রাকটি জব্দ করে ট্রাকের চালককে আটক করে থানায় নেওয়ার প্র্রক্রিয়া চালাচ্ছে।

গাংনীতে পৃথক সড়ক দুর্ঘটনায় তিনজন আহত

গাংনী উপজেলার মেহেরপুর-কুষ্টিয়া সড়কের তেরাইল ও বাঁশবাড়িয়া গ্রামে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় তিনজন আহত হয়েছেন।
আহতরা হলেন,শামসুল আলম (৪৫), মতিয়ার রহমান (৫৯) ও রিপন হোসেন (২২)।
আহতদের মধ্যে শামসুল আলম ও মতিয়ার রহমান গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন আর রিপন হোসেনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয়রা জানান, তেরাইল গ্রামে মাইক্রোবাসের ধাক্কায় মোটরসাইকেল আরোহী গাংনী উপজেলার চেঙগাড়া গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে শামসুল আলম (৪৫) ও তেরাইল গ্রামের নবিছদ্দীনের ছেলে মতিয়ার রহমান আহত হয়েছেন।
শামসুল আলম মোটরসাইকেলে ছিলেন এছাড়া মতিয়ার রহমান পাখি ভ্যানে ছিলেন।
বাঁশবাড়িয়া গ্রামে মোটরসাইকেলের ধাক্কায় আহত হয়েছে নাজমুল হুদার ছেলে রিপন হোসেন (২২)।
তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের ভর্তি করা হয়েছে। এদের মধ্যে রিপন হোসেনের অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে জানিয়েছেন জরুরী বিভাগে কর্মরত স্যাকমো সোহাগ হোসেন।

গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে মোটরসাইকেল চালকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে রাকিবুল ইসলাম (২২) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন।

বুধবার দিবাগত রাত ১১ টায় উপজেলার হিন্দা গ্রামে মর্মান্তিক এ ঘটনা ঘটে। রাকিবুল ইসলাম হিন্দা গ্রামের আব্দুল বারীর ছেলে। এ ঘটনায় প্রবাসী বয়েন উদ্দীনের ছেলে মোটরসাইকেল মালিক জনি আহত হয়েছে।

স্থানীয়রা জানায়, রাকিবুল ইসলাম মোটরসাইকেল চালিয়ে জনিকে সাথে নিয়ে হিন্দা পশ্চিমপাড়া থেকে কবরস্থানের পাশ দিয়ে পূর্বপাড়ার নিজ বাড়িতে যাচ্ছিলেন। পথিমধ্যে কবরস্থানের পাশে পৌছালে প্রচীরের সাথে ধাক্কা লেগে তারা দুজন গুরুত্বর আহত হয়। আহতদের উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক রাকিবুল ইসলামকে মৃত ঘোষনা করেন। এছাড়া আহতবস্থায় জনিকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়িতে পাঠানো হয়। এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন ইউপি সদস্য

মো: জাকির হোসেন।

গাংনী থানার ওসি মো: বজলুর রহমান জানান, মোটরসাইকেল দুর্ঘটনায় মৃত্যু’র ঘটনায় একটি অপমৃত্যু’র মামলা হবে।

মাকে রেখে বাড়ি ফেরা হলো না শফিকুলের

মাকে খালার বাড়িতে রেখে নিজ বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় শফিকুল ইসলাম (৩৩) নামের প্রবাস ফেরত যুবকের মৃত্যু হয়েছে।

রবিবার রাত ৮টার দিকে মেহেরপুর সদর উপজেলার নুরপুর নামক স্থানে মটরসাইকেল-ট্রলির সাথে সংঘর্ষে তিনি নিহত হন।
শফিকুল ইসলাম একই উপজেলার আশরাফপুর গ্রামের সুড়ি পাড়ার নুরুর ছেলে। তিনি মালয়েশিয়া প্রবাসী। দুই মাস আগে তিনি ছুটিতে নিজ দেশে এসেছেন।

জানা গেছে, রবিবার বিকেলে শফিকুল ইসলাম তার মাকে পার্শবর্তী পিরোজপুর গ্রামের খালার বাড়িতে রাখতে গিয়েছিলেন। রাত ৮টার দিকে মাকে রেখে বাড়ি ফেরার পথিমধ্যে নুরপুর নামক স্থানে পৌছালে একজন সাইকেল আরোহীকে বাঁচাতে তিনি একটি গরু বহন করা ট্রলির সাথে ধাক্কা মারেন। এসময় তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক শফিকুল ইসলামকে মৃত ঘোষণা করেন।

সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহ দারা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বিষয়টি জানতে পেরে ঘটনা স্থলে পুুলিশ পাঠানো হয়েছে। লাশ ময়না তদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

দর্শনায় সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মোটরসাইকেল দুর্ঘটনায় সোহান নামের এক যুবককের মৃত্যু হয়েছে। আজ সোমবার বেলা ৩ টার দিকে দর্শনা- জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট এ দুর্ঘটনা ঘটে।
নিহত সোহান (১৭) দর্শনা আকোন্দবাড়িয়া নতুন পাড়ার সাহিদুল ইসলামের ছেলে। দর্শনার মালেকের ওয়ার্কসপের শ্রমিক। প্রত্যক্ষদর্শী হিমেল নামের এক যুবক বলে, সোমবার দুপুরে আমি ওই পাম্পে তেল নিচ্ছিলাম। মোটরসাইকেলটি আমার সামনে দিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে আছড়ে পড়ে। আমি ওয়ার্কসপ মালিককে খবর দিই।
ওয়ার্কসপের মালিক আব্দুল মালেক বলেন, দুপুরের খাবার খেতে
মোটরসাইকেল চালিয়ে বাড়ি যাচ্ছিল সোহান। এসময় দর্শনা-জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট পৌঁছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে উল্টে পড়ে। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে সোহানের বাবা-মাসহ পরিবারের লোকজন হাসপাতালে ছুটি আসে। এসময় তাদের কান্নায় হাসপাতালের বাতাস ভারি হয়ে ওঠে। নিহত সোহান দুই ভায়ের মধ্যে বড়।
চুয়াডাঙ্গা সদর হাসপাতালর জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মাহাবুবুর রহমান বলেন, হাসপাতালে নেয়ার আগেই সে মারা যায়। চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মহসীন পিপিএম (বার) বিষয়টি নিশ্চিত করেছেন। গতকাল রাত সাড়ে ১০ টায় তার জানাজা শেষে আক্ন্দবাড়িয়া কবরস্হানে দাফন সম্পর্ন করা হয়।

আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় আহত রাব্বির মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বীজ ফার্মের দ্বিতীয় গেটে সড়ক দুর্ঘটনায় আহত রাব্বি হোসেন (২১) রাজশাহীতে যাওয়ার পথে মারা গেছেন। গতকাল শুক্রবার মধ্য রাতে তিনি মারা যান।
স্থানীয় সূত্রে জানা গেছে, আহত রাব্বি, সাগর, ইমরানসহ ৫/৭ জন

তরুণ মোটরসাইকেল রেস করে চুয়াডাঙ্গা থেকে মেহেরপুরের দিকে আসছিলো অপরদিকে মেহেরপুর থেকে ওষুধ কোম্পানীর প্রতিনিধি ইয়াহিয়া চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। পথিমধ্যে আমঝুপি বীজ ফার্মের ২য় গেট সংলগ্ন এলাকায় প্রথমে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। পরে আরো একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ইয়াহিয়ার মৃত্যু হয়। আহত হয় তরুণ বাইকার রাব্বি , সাগর ও ইমরান। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের একটি টিম ও পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছিয়ে নিহত ও আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হলে রাব্বির অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। রাজশাহীতে নেওয়ার পথে মধ্যরাতে তার মৃত্যু হয়।
এদিকে সকালে নিজ গ্রামে তার জানাযা ও দাফন সম্পন্ন হয়েছে।

আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় ওষুধ কোম্পানির প্রতিনিধি নিহত, আহত ৩

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বীজ ফার্মের ২য় গেটে সড়ক দুর্ঘটনায় ইয়াহিয়া নামের এক ওষুধ কোম্পানির প্রতিনিধির মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরো তিন জন।

আজ শুক্রবার রাত ৯টার দিকে এ মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটে। নিহত ইয়াহিয়া কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা গ্রামের ছেলে। তিনি কাললুস ফার্মা কোম্পানির প্রতিনিধি। আহতরা হলেন-চাঁদবিলের হামিদুলের ছেলে সাগর, গোভীপুর গ্রামের মিলনের ছেলে ইমরান, মুজিবরগরের পুরন্দরপুর গ্রামের হাফিজুর রহমানের ছেলে রাব্বি। এদের মধ্যে রাব্বির অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, আহত রাব্বি, সাগর, ইমরানসহ ৫/৭ জন তরুণ মোটরসাইকেল নিয়ে দ্রুত গতিতে চুয়াডাঙ্গা থেকে মেহেরপুরের দিকে আসছিলো অপরদিকে মেহেরপুর থেকে ওষুধ কোম্পানীর প্রতিনিধি